


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.২২২.১৫-৫৬৭,

তারিখ : ০৫/০২/২০২৩ খ্রিঃ

বিষয় : চলমান ২০১৬-২০১৭ অর্থবছরে পোষাক তৈরী প্রশিক্ষণ কোর্সের ০৪টি ব্যাচ পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের চলমান প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ বর্ষপঞ্জি অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়া হয়েছে। বর্ষপঞ্জি অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থবছরে জেলা কার্যালয়ের আওতায় “পোষাক তৈরী” বিষয়ে ০৩ মাস মেয়াদী ০৪টি ব্যাচ পরিচালনার জন্য ইতোমধ্যে বাজেট বরাদ্দ প্রেরণ করা হয়েছে। বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্ষপঞ্জিতে উল্লেখিত সময় ও মেয়াদে পোষাক তৈরী প্রশিক্ষণ কোর্সের ০৪টি ব্যাচ যথাযথভাবে পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(চাকমা/ব্যানার্জী)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
ফোন নং- ০২-৯৫৫৭৭৭১।

প্রাপক

উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর

----- (সকল) জেলা।

অনুলিপি বিতরণ :

- ০১। সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। অফিস কপি।